

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

এস. আর. ও. নং-১৯৯-আইন/২০১৮ |—Registration Act, 1908 (Act No. XVI of 1908) এর section 78 এর অধীন প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৮ অগ্রহায়ণ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০২ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর.ও নং ২৭৭-আইন/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত ফিসের তালিকার—

(১) দফা ‘ছ’ এর পরিবর্তে নিম্নরূপ দফা ‘ছ’ ও ‘ছছ’ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“ছ (ক) কোনো হেতু, ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে :

(অ) বাংলায় প্রতি ৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট ১ পৃষ্ঠা ১৬/- টাকা;  
বা উহার অংশবিশেষের জন্য-

(আ) ইংরেজি ভাষায় প্রতি ৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট ১ ২৪/- টাকা;  
পৃষ্ঠা বা উহার অংশবিশেষের জন্য-

(৭৬৩৯)  
মূল্য : টাকা ৪.০০

- (খ) কোনো আবেদনকারী, কার্যালয়ের অন্যান্য নকলের কাজ অপেক্ষা, তাহার প্রার্থীত নকলের জন্য অগ্রাধিকার চাহিলে তাহাকে অতিরিক্ত ৫০/- টাকা দিতে হইবে বা, যদি নকলটি প্রতি পৃষ্ঠায় ৩০০ শব্দবিশিষ্ট চার পৃষ্ঠার অধিক হয়, তাহা হইলে প্রতি পৃষ্ঠার জন্য ১৫/- টাকা হারে অতিরিক্ত ফি দিতে হইবে।

ছছ কোনো ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে দফা ‘ছ(ক)’ তে উল্লিখিত ফি ব্যতীত নকলনবিশেষগণের পারিশ্রমিক বাবদ নিম্নবর্ণিত হারে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, যথা :—

- (অ) বাংলায় প্রতি ৩০০(তিনশত) শব্দবিশিষ্ট ১ পৃষ্ঠা বা ২৪/- টাকা;  
উহার অংশবিশেষের জন্য-

(আ) ইংরেজি ভাষায় প্রতি ৩০০(তিনশত) শব্দবিশিষ্ট ৩৬/- টাকা।  
১ পৃষ্ঠা বা উহার অংশবিশেষের জন্য-

ଟିକା:

- (১) যদি কোনো আবেদনকারী ইতোমধ্যে নিবন্ধিত কোনো দলিলের মুদ্রিত বা টাইপকৃত নকল দাখিল করিয়া উহাকে ‘অবিকল নকল’ মর্মে প্রত্যায়নযুক্তরূপে পাইবার জন্য আবেদন করেন, তাহা হইলে এইরূপ নকলের তুলনা করিবার জন্য ফিস ও পারিশনামিকের পরিমাণ দফা ছ ও ছছ অনুসারে ধার্যযোগ্য ফিস ও পারিশনামিকের অর্ধেক হইবে।

(২) ফিস প্রদান হইতে রেহাই প্রাপ্ত নকল ব্যতীত অন্যান্য সকল নকলের আবেদনে কোর্ট ফি আইন, ১৮৭০ (১৮৭০ সনের ৭ নং আইন) এর অধীন ২০/- টাকার কোর্ট ফি প্রদেয় হইবে”;

(২) দফা ‘চ’ এবং উহার বিপরীতে উল্লিখিত ফিসের হার বা পরিমাণের পরিবর্তে নিম্নরূপ দফা ‘চ’ এবং উহার বিপরীতে ফিসের হার বা পরিমাণ প্রতিস্থাপিত হইবে. যথা :—

“চ প্রতিটি দলিল নিষ্কাশের জন্য ‘ক’, ‘খ’, ‘গ’, ঘ’ এবং ‘ঙ’ দফায় প্রদেয় ফিস ব্যতীত রেজিস্টার বহিতে দলিল নকলকরণার্থে নিম্নবর্ণিত হারে অতিরিক্ত নকল ফি প্রদান করিতে হইবে. যথা:—

- (অ) বাংলায় প্রতি ৩০০ (তিনিশত) শব্দবিশিষ্ট ১ পৃষ্ঠা বা  
উহার অংশবিশেষের জন্য- ১৬/- টাকা;

(আ) ইংরেজি ভাষায় প্রতি ৩০০ (তিনিশত) শব্দবিশিষ্ট  
১ পৃষ্ঠা বা উহার অংশবিশেষের জন্য- ২৪/- টাকা।”;

(৩) দফা ‘চ’ এর পর নিম্নরূপ নৃতন দফা ‘চট’ সন্নিবেশিত হইবে, যথা :—

“চট দলিল নকলকরণার্থে দফা ‘চ’ এর অধীন প্রদেয় ফিস ব্যতীত নকলগবিশগণের পারিশ্রমিক বাবদ নিম্নবর্ণিত হারে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, যথা :—

(অ) বাংলায় প্রতি ৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট ১ পৃষ্ঠা                    ২৪/- টাকা;  
বা উহার অংশবিশেষের জন্য-

(আ) ইংরেজি ভাষায় প্রতি ৩০০ (তিনশত) শব্দবিশিষ্ট                    ৩৬/- টাকা।”  
১ পৃষ্ঠা বা উহার অংশবিশেষের জন্য-

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ মোতাবেক ১৭ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজমুল হক শ্যামল  
উপ-সচিব (রেজিস্ট্রেশন)।